# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(৩১৪) জুমআর সাথে আছরের নামায একত্রিত করার বিধান কি? যারা শহরের বাইরে থাকে তাদের জন্য কি একত্রিত করা জায়েয?

জুমআর সাথে আছর নামাযকে একত্রিত করা জায়েয নয়। কেননা এর পক্ষে হাদীছে কোন দলীল পাওয়া যায় না। একে যোহরের নামাযের সাথে ক্বিয়াস করা ঠিক নয়। কেননা জুমআ ও যোহরের মাঝে বিস্তর ব্যবধান রয়েছে। তাছাড়া আসল হচ্ছে প্রত্যেক নামাযকে নির্দিষ্ট সময়েই আদায় করা। তবে শুধুমাত্র দলীলের ভিত্তিতেই এক নামাযকে অন্য নামাযের সাথে একত্রিত করা যায়।

যারা শহরের বাইরে দু’ বা তিনদিন অবস্থান করবে তাদের জন্য দু’নামাযকে একত্রিত করা জায়েয। কেননা তারা মুসাফির। কিন্তু তারা যদি শহরের উপকণ্ঠে অবস্থান করে- সাধারণভাবে যাদেরকে মুসাফির বলা হয় না- তারা দু’নামায একত্রিত করবে না। দু’নামায একত্রিত করার অর্থ হচ্ছে: যোহর ও আছর দু’নামায এবং মাগরিব ও এশা দু’নামাযকে একত্রিত করা। কিন্তু জুমআ ও আছর কখনই একত্রিত করা জায়েয নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=845

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন